স্টেকহোলডারদের নীতিমালার সারসংক্ষেপ ৩

সহব্যবস্থাপনায় স্থানীয় সরকারের সহযোগিতা: অর্জিত শিক্ষা এবং ভবিষ্যৎ ভূমিকা

পটভূমিঃ

স্টেকহোলডারদের নীতিমালার এই সারসংক্ষেপটিতে তিনটি প্রকল্প এলাকায়[১] মাচ এর সাথে জড়িত সুবিধাভোগী প্রতিনিধিদের সহব্যবস্থাপনায় স্থানীয় সরকারের সহযোগিতা: অর্জিত শিক্ষা এবং ভবিষ্যৎ ভূমিকা স্পর্কে বিভিন্ন নীতি নির্ধারনী চিন্তা ভাবনার প্রতিফলন ঘটেছে। মাচ প্রকল্প এবং আমেরিকান সাহায্য সংস্থার আর একটি পরিবেশ প্রকল্প নি:সর্গ সাপোর্ট প্রকল্প যৌথভাবে মে ২০০৬ সালে শ্রীমঙ্গলে একটি সহব্যবস্থাপনা সপ্তাহের আয়োজন করে যেখানে কর্মশালার মাধ্যমে সহব্যবস্থাপনার বিভিন্ন দিকের উপর জড়িত ব্যক্তিদের মতামত সংগ্রহ করা হয়। জড়িতব্যক্তিদের এই নীতিগত সারসংক্ষেপটিতে এবং সহব্যবস্থাপনার প্রক্রিয়া, সমস্যা এবং ফলাফল সংক্রান্ত বিষয়বস্তুর উপর এই সিরিজের আরও ৫টি সারসংক্ষেপে শুধুমাত্র মাচ প্রকল্পের কর্মশালায় অংশগ্রহনকারীদের মতামতের সারসংক্ষেপ লিপিবদ্ধ করা হলো। কর্মশালায় অংশগ্রহণকারীদের মধ্যে রয়েছে উপজেলা সরকারী কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, আরএমও[২], এবং এফআরইউজি[৩] প্রতিনিধিরা। জড়িত ব্যক্তিদের মতামতের সংক্ষিপ্তরূপ এই সারসংক্ষেপে উপস্থাপন করা হয়েছে এই উদ্দেশ্যে যে ভবিষ্যতে এটি অনুশীলন করা, পরিকল্পনা করা এবং সিদ্ধান্তগ্রহণ করার ক্ষেত্রে বিশেষ করে নীতিনির্ধারণী, কর্মসূচী এবং প্রকল্প পর্যায়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এটি তাদেরই অভিজ্ঞতার উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে যারা সত্যিকারভাবে সমাজভিত্তিক সহব্যবস্থাপনার মধ্যে বসবাস করছে, তা বাস্তবায়ন করছে এবং নতুন স্থানীয় প্রতিষ্ঠান তৈরি করার ক্ষেত্রে নির্দেশক হিসাবে কাজ করবে বিশেষ করে প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনার উদ্দেশ্যে সৃষ্ট প্রতিষ্ঠানগুলোতে।

সহব্যবস্থাপনায় স্থানীয় সরকারের সহযোগিতা ঃ অর্জিত শিক্ষা এবং ভবিষ্যৎ ভূমিকা

প্রধান প্রতিপাদ্য বিষয়ঃ

সম্পদ ব্যবস্থাপনায় টেকসইত্ব অর্জন ও সামর্থ সৃষ্টিতে আরএমও-গুলিকে এলজিসি[৪]-এর সহযোগিতা

প্রস্তাব করা হয় যে, স্থানীয় সরকার কমিটির অংশীদাররা নিম্নোক্তভাবে কার্যকরী থাকবেঃ

১. আরএমও-এর সংবিধান, সংগঠনের উদ্দেশ্য এবং এর কার্যপ্রকৃতি সম্পর্কে স্থানীয় সরকারের কর্মকর্তাদের স্পষ্ট বোধগম্যতা থাকতে হবে এবং সেই অনুযায়ী তাদেরকে সহযোগিতা প্রদান করতে হবে।

২. বিভিন্ন ফোরামে (যেমন, উপজেলা উন্নয়ন সমন্বয় কাউন্সিল) আরএমও-দের সম্পদ ব্যবস্থাপনার টেকসইত অর্জনের প্রচেষ্টা সংক্রান্ত কার্যক্রমের প্রসার ঘটাতে হবে এবং এই উদ্দেশ্যে সহযোগিতা চাইতে হবে।

৩. সেবা প্রদানকারী সংস্থাগুলির (যেমন, কৃষি ও পশুসম্পদ অধিদপ্তর) সাথে এবং অন্যান্য এ্যাডভোকেসী সংস্থার সাথে দৃঢ় সমন্বয় সাধনের জন্য সহযোগিতা করা।

৪. মাছ ধরার উপর চাপ কমানোর জন্য আরএমও এবং জেলেদের বিকল্প পেশার জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।

৫. আরএমও নেতাদের নেতৃত্বের ক্ষমতা বাড়ানোর জন্য তাদেরকে উপজেলা পর্যায়ের সভায় কথা বলার সুযোগ করে দিতে হবে।

৬. আরএমও-দের প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা এবং সাংগঠনিক উন্নয়ন কর্মকান্ডে নির্দেশনা প্রদান করতে হবে। কমিউনিটি এবং আরএমও-দের প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা কর্মকান্ডের টেকসইত্ব অর্জনে নিয়মিত সুযোগ নিশ্চিত করতে হবে।

৭. সম্পদ ব্যবস্থাপনার দ্বন্দ নিরসনে সহযোগিতা প্রদান করতে হবে।

---

১. শ্রীমঙ্গলে হাইল হাওড়, তুরাগ বংশী নদী ও কালিয়াকৈর জলাভূমি এলাকা, শেরপুরে কংশ-মালিঝি অববাহিকা।
২. রিসোর্স ম্যানেজমেন্ট ওর্গানাইজেশন বা সম্পদ ব্যবস্থাপনাকারী সংগঠন।
৩. ফেডারেশন অব রিসোর্স ইউজারস গ্রুপ বা সম্পদ ব্যবহারকারী সংস্থার ফেডারেশন।
৪. মাচ আনুষ্ঠানিকভাবে আরএমও ও এফআরইউজি-গুলিকে এলজিসি (স্থানীয় সরকার কমিটি) গুলির মাধ্যমে স্থানীয় সরকার এর সাথে সংযোগ সাধনের জন্য কাজ করছে। এর সদস্যদের মধ্যে একটি উপজেলার আরএমও ও এফআরইউজি-গুলির নেতাবৃন্দ, ইউনিয়ন পরিষদের সংশি ষ্ট চেয়ারম্যানগণ এবং উপজেলা পর্যায়ের সংশি ষ্ট সরকারী কর্মকর্তাবৃন্দ যার মধ্যে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা মৎস্য কর্মকর্তা রয়েছে।

৮. আরএমও-দের সাথে “মৎস্য আইন”[৫] সম্পর্কে তথ্য বিনিময় এবং এর পরিবর্তন হলে সে বিষয়ে নিয়মিত মত বিনিময় করতে হবে
৯. মাছের পোনা উৎপাদন, আচরণ এবং উপযোগী পরিবেশ সম্পর্কে জ্ঞানের উন্নয়ন ঘটাতে হবে
১০. টোল, সরকারী অনুদান এবং অন্যান্য উৎস থেকে তহবিল গঠনের ক্ষেত্রে আরএমও-দের সহযোগিতা করা

এককালীন তহবিলের আওতায় সহযোগিতা

এটি প্রস্তাব করা হয় যে, স্থানীয় সরকার কমিটিকেঃ

১. বাৎসরিক পরিকল্পনা সভায় আরএমও-দের প্রকল্প প্রস্তাবণা এবং বাজেটসমূহ তৈরীতে সহযোগিতা করতে হবে
২. কাজ যেন জমে না থাকে সেজন্য প্রস্তাবণা ও বাজেটসমূহ সময়মত অনুমোদন করতে হবে
৩. একক স্কীমের জন্য উপ-কমিটি গঠনে সহযোগিতা করতে হবে এবং তাদের কর্মকান্ডসমূহ সম্পর্কে গভীর পর্যবেক্ষণ চালাতে হবে
৪. সময়মত আয়বিধায়ক তহবিলের জমাকৃত মূল অর্থ(ডিসি এবং উপজেলা ফিশারিস অফিসারের মাধ্যমে ফিক্সড ডিপোজিট নবায়ন) নবায়ন করতে হবে
৫. নতি ও হিসাব রক্ষণের উপর নিয়মিতভাবে প্রশিক্ষণ প্রদান করতে হবে
৬. স্বচছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের জন্য আরএমও-দের কর্মকান্ডের উপর নিয়মিত পরিবীক্ষণ চালাতে হবে

ইউনিয়ন পরিষদ এবং আরএমও-দের মধ্যে সমন্বয় সাধন

এটি প্রস্তাব করা হয় যে, সংশি ষ্ট ইউনিয়ন পরিষদকে ঃ

১. আরএমও-এর বাৎসরিক পরিকল্পনায় জড়িত হতে হবে এবং আরএমও এবং ইউনিয়ন পরিষদের পরিকল্পনার মধ্যে সমন্বয় রাখতে হবে
২. সম্পদ ব্যবস্থাপনার জন্য তাদের এলাকায় অতিরিক্ত তহবিল সংগ্রহ করতে হবে
৩. সামাজিক বাধাসমূহকে জয় করার জন্য মধ্যস্থতাকারী হিসাবে কাজ করতে হবে যেমন, আরএমও কর্মসূচীতে নারীদের অংশগ্রহণের প্রসার ঘটাতে হবে
৪. আরএমও-এর কর্মকান্ডের সর্মথনে বৃহত্তর সমাজকে উদ্বুদ্ধ করতে হবে
৫. অবকাঠামোগত কাজে এবং আর্থিক বিষয়ে আরএমও-এর জবাবদিহিতা নিশ্চিতরকণের ক্ষেত্রে সহায়তা করতে হবে

আরএমও-এর সাফল্য ও নেটওয়ার্কিং বৃদ্ধিকরণ

এটি প্রস্তাব করা হয় যে, স্থানীয় সরকার কমিটিকে

১. আরএমও-এর কাজের সাফল্যের উদ্দেশ্যে উর্ধতন কর্তৃপক্ষের সাথে জনমত সৃষ্টিতে (এডভোকেসি) নিয়োজিত হতে হবে
২. সম্ভাব্য নিকটবর্তী সম্পদ এলাকাসমূহ চিহ্নিত করতে হবে এবং এর বর্ণনা/সীমা নির্দেশ করার জন্য প্রশাসনকে সহযোগিতা প্রদান করতে হবে
৩. চিহ্নিত এলাকার জলাশয়গুলিতে মাছ ও পাখির অভয়াশ্রম প্রতিষ্ঠার জন্য সাহায্য করতে হবে
৪. সম্পদ ব্যবহারকারীদের মধ্যে সচেতনতা তৈরীতে সহায়তা করতে হবে
৫. স্থানীয় পর্যায়ে সর্বজনীন বিষয়গুলি বাস্তবায়ন করতে আরএমও-দের নেটওয়ার্ক তৈরীতে সহায়তা করতে হবে
৬. আরএমও-দের নেটওয়ার্কের নির্দেশিকা তৈরী এবং সেই অনুযায়ী কাজ করতে সহায়তা করতে হবে
৭. আরএমও-এর নেটওর্য়াকটিকে সম্ভাব্য আরএমও তহবিল চিহ্নিত করার ক্ষেত্রে নির্দেশনা প্রদান করতে হবে
৮. আঞ্চলিক ও জাতীয় পর্যায়ে একই ধরনের অন্যান্য নেটওয়ার্ক এর মধ্যে দৃঢ় সংযোগ সাধন করতে সাহায্য করতে হবে যেন আরএমও-রা তাদের অধিকার অর্জনের জন্য দৃঢ় বক্তব্য রাখতে পারে
৯. আরএমও ফোরামসমূহে স্থানীয় বিষয় নিয়ে যে কোন দ্বন্দ্ব নিরসনে মধ্যস্থতাকারী হিসাবে কাজ করবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এবং স্থানীয় সরকার তাদের নেটওর্য়াকের সভায় উপস্থিত থাকবে যখন এবং যেখানে দরকার
১০. আন্তর্তজাতিক দিবসগুলি পালনের ব্যাপারে সহযোগিতা করতে হবে, বিশেষ করে বিশ জলাভূমি দিবস ও পরিবেশ দিবস

---

৫. মৎস্য আইনের প্রতিরক্ষা ও সংরক্ষণ, ১৯৫০

আমেরিকার জনগণের পক্ষ থেকে

অতিরিক্ত তথ্যের জন্য যোগাযোগ করুন
মাচ্ হেডকোয়ার্টার
বাড়ি নং: ২, রোড নং: ২৩/এ
গুলশান ১, ঢাকা ১২১২, বাংলাদেশ
ফোন: ৮৮১৪৫৯৮, ৯৮৮৭৯৪৩
ফ্যাক্স: (৮৮০-২) ৮৮২৬৫৫৬
URL: www.machban.org

DESIGN: www.intentdesign.net